

নং ১৫.৫৪.০০০০.০৪২.০৬.২৪৬.২০. ২০২০

তারিখঃ ২৪ ভাদ্র ১৪২৯ বঙ্গাব্দ  
০৮ সেপ্টেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত অংশীজনের (Stakeholder)  
অংশগ্রহণে সভার কার্যবিবরণী

তারিখঃ ০৬.০৯.২০২২।  
স্থানঃ সভা কক্ষ  
সময়ঃ সকাল ১০.৩০টা।  
সভাপতিঃ মোহা: মাহফুজা আক্তার, জেনারেল ম্যানেজার (চ: দা:), বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র  
সভায় উপস্থিতিঃ পরিশিষ্ট “ক” দ্রষ্টব্য।

সভার প্রারম্ভে সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতি বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের ইতিহাস ও কর্মকৌশল সভায় তুলে ধরেন। জাতীয় শুদ্ধাচার কর্ম কৌশল পরিকল্পনা বাস্তবায়নের লক্ষ্যে সুশাসন প্রতিষ্ঠার নিমিত্ত চট্টগ্রাম কেন্দ্রের কর্মকৌশল এবং নিম্নবর্ণিত সেবা সম্পর্কে বিষয় আলোচনা হয়।

০২। সভায় বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রের অনুষ্ঠানের মান উন্নয়ন সম্পর্কে বিস্তারিত আলোচনা হয়। সভাপতি আলোচনান্তে জানান যে, বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র বর্তমানে ২৪ ঘণ্টার অনুষ্ঠান সম্প্রচার করছে। চট্টগ্রামের শিল্প, সংস্কৃতি, পাহাড় প্রকৃতি বিষয়সহ সরকারের বিভিন্ন উন্নয়ন কর্মকান্ডসহ শ্রোতা দর্শকদের চাহিদা অনুযায়ী অনুষ্ঠান নির্মাণ ও প্রচার, স্বচ্ছতা, জবাবদিহিতা সহিত কার্যক্রম পরিচালিত হয়। সম্প্রতি বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রে বিশ্ববিদ্যালয় পর্যায়ে প্রথম জাতীয় টেলিভিশন প্রতিযোগিতা সাফল্যের সাথে সম্পন্ন করা হয়েছে। এছাড়াও স্কুল পর্যায়ে প্রথম ইংরেজি জাতীয় বিতর্ক প্রতিযোগিতা এবং নবম্পন্দন (টেলেন্ট হান্ট/রিজেলিটি শো) আয়োজনের পরিকল্পনা গ্রহণ করা হয়েছে। সভাপতি আরো জানান, এ কেন্দ্রে দর্শকদের অংশগ্রহণের সরাসরি স্বাস্থ্য বিষয়ক অনুষ্ঠান প্রচার করা হচ্ছে। গত ১৫ সেপ্টেম্বর ২০২২ তারিখ থেকে প্রথমবারের মতো দর্শকদের অংশগ্রহণে সরাসরি সংগীতানুষ্ঠান সম্প্রচার চালু করা হচ্ছে যা প্রতি সপ্তাহে আয়োজন করা হবে।

০৩। সভার এ পর্যায়ে অডিশন গ্রহণ ও এর প্রক্রিয়া সম্পর্কে আলোচনা করা হয়। সভাপতি উপস্থিত সকলকে অবহিত করেন যে, ২০২১ সালে অডিশনের মাধ্যমে সংগীতের বিভিন্ন বিষয়ে (রবীন্দ্র সঙ্গীত, নজরুল সঙ্গীত, পল্লীগীতি, আধুনিক ও উচ্চাঙ্গ) ৩৯৯ জন, ১৪ জন বাংলা পাঠক/পাঠিকা, ৮ জন ইংরেজী পাঠক/পাঠিকা নির্বাচন করা হয়েছে। বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রে নাটকের কোন শিল্পী তালিকাভুক্ত না থাকায় প্রধান কার্যালয়ের অনুমোদন সাপক্ষে শীঘ্রই অডিশনের মাধ্যমে নাট্য শিল্পী তালিকাভুক্তির জন্য আবেদন আহ্বান করা হবে। আগ্রহী প্রার্থীদের সাদা কাগজে অথবা বিটিভি'র ওয়েবসাইটে নির্ধারিত ফরমে আবেদন করতে হবে।

০৪। বিশেষ অনুষ্ঠান সম্পর্কে আলোচনান্তে বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্রে নিয়মিত অনুষ্ঠানের পাশাপাশি বাংলাদেশের ইতিহাস, মুক্তিযুদ্ধ, জাতির পিতা বঙ্গবন্ধুসহ বিশেষ দিবসের অনুষ্ঠান নির্মাণ ও প্রচারের প্রতি গুরুত্বারোপ করা হয়। বিশেষ দিবসে বিভিন্ন আলোচনা অনুষ্ঠান, সংগীতানুষ্ঠান, আলোখ্যানুষ্ঠান, প্রামাণ্য অনুষ্ঠান প্রচার করা হয়ে থাকে মর্মে সভাপতি উল্লেখ করেন।

০৫। সভায় আর কোন আলোচ্য বিষয় না থাকায় সভাপতি উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

মোহা: মাহফুজা আক্তার  
জেনারেল ম্যানেজার (চ: দা:)

বিতরণ:

- ০১। শাখা প্রধান.....(সকল), বাংলাদেশ টেলিভিশন, চট্টগ্রাম কেন্দ্র।  
০২। উপস্থিত কর্মকর্তা/স্টেকহোল্ডারবৃন্দ।

অনুলিপিঃ

- ০১। মহাপরিচালক, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা (সদয় অবগতির জন্য)।  
০২। সিনিয়র সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ টেলিভিশন, রামপুরা, ঢাকা (সভার কার্যবিবরণীটি ওয়েব-সাইটে প্রকাশের জন্য)।

|                                       |   |
|---------------------------------------|---|
| সিনিয়র সিস্টেম এনালিস্ট এর কার্যালয় |   |
| সিস্টেম এনালিস্ট                      | <input type="checkbox"/> প্রোগ্রামিং বাস্তবায়ন দিন |
| সিস্টেম এনালিস্ট                      | <input type="checkbox"/> উপস্থাপন করণ               |
| সিস্টেম এনালিস্ট                      | <input type="checkbox"/> কথা বলুন                   |
| সিস্টেম এনালিস্ট                      | <input type="checkbox"/> ভাগিদা দিন                 |
| সিস্টেম এনালিস্ট                      |   |
| সিনিয়র সিস্টেম এনালিস্ট              |   |